



বাংলা প্রসার কমিটি
Bangla Prosar Committee
"মোদের গরব মোদের আশা, আ-মরি বাংলা ভাষা"

বাংলা প্রসার কমিটির কর্মশালায় গৃহীত প্রস্তাবনা

নিউ সাউথ ওয়েলস শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শনিবারের ভাষা স্কুলে ২০০৬ সাল থেকে ৭ম - ১২শ শ্রী পর্যায়ের বাংলা ভাষা শিক্ষা দেয়া হচ্ছে। তবে ছাত্র-ছাত্রী সংখ্যা কখনো কর্তৃপক্ষ নির্ধারিত পর্যায়ে পৌঁছেনি। এমনকি সম্প্রতি সে সংখ্যা আরো কমেছে। এর পরিপ্রেক্ষিতে বাংলা প্রসার কমিটি গত ২৪শে অক্টোবর ২০১০ রবিবার লাকেস্বার হেম্পডেন পার্ক পাবলিক স্কুলে এক কর্মশালার আয়োজন করে। ডাক্তার তানভির আহমেদ কর্মশালায় সঞ্চালক ছিলেন। শুরুতে বাংলা প্রসার কমিটির প্রাক্তন সভাপতি জনাব আবদুল জলিল নিউ সাউথ ওয়েলস-এর শিক্ষা ব্যবস্থায় বাংলা ভাষা অন্তর্ভুক্তি সংক্রান্ত প্রাসঙ্গিক বিষয়াদি ও সমস্যাসমূহ উপস্থাপন করেন। এরপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং শনিবারের ভাষা স্কুলের বর্তমান ও প্রাক্তন ছাত্র-ছাত্রী ও তাদের অভিবািবকগণ কর্মশালায় খোলাখুলিভাবে তাদের মতামত রাখেন। যারা বক্তব্য রাখেন তাদের মধ্যে ছিলেন - ড. মাকসুদুল বারী, মি. খায়ের-উল আলম, ড. রতন কুন্ডু, মি. নজরুল ইসলাম, মি. আফসার আহমেদ, মি. মফিজুল হক, ড. আনোয়ারুল বকসী, মি. কামরুল ইসলাম, মি. নেহাল বারী, ড. হাসান হাফিজুর রহমান, মি. আকরাম খান ও মি. বেলায়েত হোসেন। ছাত্র-ছাত্রী ও নতুন প্রজন্মের বক্তাদের মধ্যে ছিল ইতু, দোলা, রবিন, আজনবী, শারিকা ও পার্থ। শনিবারের ভাষা স্কুলের দু'জন শিক্ষিকা মিসেস সেলিনা আক্তার ও মিসেস ফেরদৌস সুলতানা তাঁদের মতামত তুলে ধরেন। সার্বিক অনুষ্ঠানটি পরিচালনা করেন কমিটির সভাপতি ডঃ স্বপন পাল ও সাধারণ সম্পাদক মিসেস হাসিনা আক্তার মিনি।

নিউ সাউথ ওয়েলস শিক্ষা ব্যবস্থায় বাংলা ভাষা শিক্ষার বর্তমান অবস্থা সবাইকে জানানো বাংলা প্রসার কমিটির নৈতিক দায়িত্ব। যদিবা ৭ম থেকে ১০ম শ্রেণীর প্রতিটিতে প্রতি বছর ১৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি হয়, HSCতে বাংলা LOTE বিষয় হিসাবে অন্তর্ভুক্ত হবে না। এই উদ্দেশ্যে কর্মশালার প্রস্তাবনাসমূহের উপর ভিত্তি করে গৃহীত বাংলা প্রসার কমিটির কার্যক্রম সফল করতে কমিউনিটির সহযোগিতা ও অংশগ্রহন একান্ত প্রয়োজন।

বৃহত্তর কমিউনিটি, বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে, কর্মশালায় গৃহীত প্রস্তাবনাসমূহ ইংরেজীতে প্রচার করা হলো।